দৈনিক ইত্তেফাক

তারিখ : 19 AUG 2017
পৃষ্ঠা ২ কলাম ৬

# কুবির সেই শিক্ষককে এবার ফেসবুকে হুমকি

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জাতীয় শোক দিবসে ক্লাস নেওয়ার অভিযোগের কোন রকম তদন্ত ছাড়াই কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের দাবির তিন দিনের মাথায় এক মাসের বাধ্যতামূলক ছুটিতে পাঠানো হয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সভাপতি মাহবুবুল হক ভুঁইয়াকে। এবার ওই শিক্ষককে ফেসবুকে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। গত ১৬ আগস্ট ছাত্রলীগ কর্মী ও নৃবিজ্ঞান বিভাগের ১১তম ব্যাচের শিক্ষার্থী সাদ ইবনে সাইদ তার ফেসবুক প্রোফাইলে হুমকি দেন বলে অভিযোগ করেন ওই শিক্ষক। এ বিষয়ে থানায় সাধারণ ডায়েরি করবেন বলেও জানান তিনি।

জানা যায়, সাদ ইবন সাইদ সাদ (Saad Ibn Sayed Sadd ফেসবুক আইডি) তার ব্যক্তিগত প্রোফাইলে শাখা ছাত্রলীগের সভাপতি ইলিয়াস হোসেন সবুজকে উদ্দেশ করে ওই শিক্ষককে হুমকি দিয়ে শাখা ছাত্রলীগের ১৩ জন নেতাকর্মীকে ট্যাগ করেন। এ স্ট্যাটাস নিয়ে শিক্ষক মাহবুবুল হক ভুঁইয়া বলেন, এটা গোপনে নয়, ফেসবুকে প্রকাশ্যে আমাকে হুমকি দিয়েছে। আমি জীবন নাশের হুমকিতে আছি। কেন এমন স্ট্যাটাস দিয়েছেন এমনটি জানতে চাইলে ছাত্রলীগ কর্মী সাদ ইবনে সাইদ বলেন আমার ফেসবুক আইডি হ্যাক হয়েছে। শাখা ছাত্রলীগের সভাপতি ইলিয়াস হোসেন সবুজ বলেন, কেউ এমন কাজ করলে তার শাস্তি হওয়া উচিত। শাখা ছাত্রলীগ এর দায়ভার নিবে না। শিক্ষক সমিতির সভাপতি ড. আবু তাহের বলেন, এর কঠোর বিচার দাবি করছি।